কালের কণ্ঠ

তারিখ ... 20 APR 2017
পৃষ্ঠা 2 ... কলাম 2 ...

ছাত্রীকে উত্ত্যক্তের প্রতিবাদের জের

# চবিতে ছাত্রফ্রন্ট নেতাকে পেটাল ছাত্রলীগকর্মীরা

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

ছাত্রীকে উত্ত্যক্ত করার সময় প্রতিবাদ করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রফ্রন্ট নেতাকে মারধর করেছে ছাত্রলীগের একাংশের কর্মীরা। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ঝুপড়ির সামনে এ ঘটনা ঘটে। মারধরের শিকার ছাত্রফ্রন্টের নেতার নাম ফজলে রাব্বী। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে নগরে বিক্ষোভ করেছে চবি ছাত্র ফেডারেশন ও ছাত্র ইউনিয়ন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে বাংলা বিভাগের এক ছাত্রীকে উত্ত্যক্ত করে আসছিল ইংরেজি বিভাগের শিক্ষার্থী রিমন শিকদার। গতকাল রিমন কলা অনুষদের ঝুপড়ির সামনে ওই ছাত্রীকে ডাক দেয়। তখন ছাত্রীটি তার ডাকে সাড়া না দেওয়ায় একপর্যায়ে রিমন জোর করে তাকে অন্যত্র নিয়ে যাওয়ার চেষ্টা করে। এ সময় এ ঘটনার প্রতিবাদ করায় ফজলে রাব্বীর সঙ্গে রিমনের কথা-কাটাকাটি হয়। পরে রিমনের নেতৃত্বে ছাত্রলীগের ১০-১২ জন নেতাকর্মী ঝুপড়ি এলাকায় এসে রাব্বীকে মারধর করে। এরপর রাব্বীর বন্ধুরা তাকে চবি মেডিক্যাল সেন্টারে নিয়ে যায়। রিমন ক্যাম্পাসে চবি ছাত্রলীগের সভাপতি আলমগীর টিপুর অনুসারী হিসেবে পরিচিত।

এ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আলী আজগর চৌধুরী বলেন, 'বিষয়টি আমি শুনেছি। তবে লিখিত কোনো অভিযোগ তারা এখনো দেয়নি। আমরা বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখছি। দোষী যে-ই হোক না কেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।'

চবি ছাত্রলীগের সভাপতি আলমগীর টিপু এ বিষয়ে বলেন, 'আমরা বিষয়টি শুনেছি। তবে রিমন শিকদার নামের কোনো ছাত্রলীগকর্মী আছে কি না তা যাচাই করে দেখছি। যদি সে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত থাকে তাহলে অবশ্যই তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

**উত্ত্যক্তকারী ছাত্রলীগকর্মীকে সংগঠন থেকে বহিষ্কার :** গতকাল রাতে গণমাধ্যমে পাঠানো চবি ছাত্রলীগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে চবি ক্যাম্পাসে ছাত্রী উত্ত্যক্তকারী ছাত্রলীগকর্মী রিমন শিকদারকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে বলে জানানো হয়। ছাত্রলীগের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। বহিষ্কারের বিষয়টি স্বীকার করে চবি ছাত্রলীগের সভাপতি আলমগীর টিপু কালের কণ্ঠকে বলেন, রিমন শিকদার এক ছাত্রীকে লাঞ্ছিত করার ঘটনা এবং মারধরে লিপ্ত থাকার প্রমাণ সাপেক্ষে তাকে ছাত্রলীগের সব কর্মকাণ্ড থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর